R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ ঃ ১৯১৪


জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৩৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২১শে পৌষ, বুধবার, ১৪০৫ সাল।
৬ই জানুয়ারী, ১৯৯৯ সাল।

নগদ মূল্য ঃ ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## দাদাঠাকুরের শহরের লোক ভদ্র বলেই আমরা মার খায়নি—ক্ষিতি গোস্বামী

বিশেষ প্রতিবেদক ঃ 'দাদাঠাকুরের শহরের লোক অসীম ভদ্র বলেই আজ আমরা মার খায়নি, বক্তব্য রাখতে পারছি। তা না হলে আজ এখানে আমি বক্তব্য রাখতে পারতাম না। কারণ, আমরা সেতুর শিলান্যাস তিন বছর আগে করেও এখনও পর্যন্ত কাজ শুরু করতে পারিনি'—ভাগীরথীর উপর সেতু নির্মাণের জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদকে গত ৩ জানুয়ারী পঃ বঃ পরিকাঠামো উন্নয়ন নিগম কর্তৃক প্রথম দফার ২ কোটি ৭০ লক্ষ টাকার চেক প্রদান অনুষ্ঠানে উক্তিটি করেন পঃ বঃ সরকারের পূর্তমন্ত্রী ক্ষিতি গোস্বামী। ঐ দিন রঘুনাথগঞ্জ গাড়ীঘাটের সভায় হাজির ছিলেন মন্ত্রী শ্রীগোস্বামী ছাড়াও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী আনিসুর রহমান, পঃ বঃ পরিকাঠামো উন্নয়ন ও অর্থনৈতিক কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান অশোক ব্যানার্জী, স্থানীয় সাংসদ ও বিধায়ক, পুরপতি, জেলা পরিষদের সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারী, মধু বাগ, সুতীর বিধায়ক, জেলা শাসক, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকসহ সেতু নির্মাণের ঠিকাদারী সংস্থা গ্যামন ইণ্ডিয়া লিমিটেডের পক্ষে শ্রীদাশগুপ্ত। পূর্তমন্ত্রী ক্ষিতিবাবু বলেন, ঠিকাদারী সংস্থা সেতু তৈরী করতে তিন বছর সময় নিয়েছে। মোট ব্যয় ধরা হয়েছে ২৭ কোটি টাকা। পরিকাঠামো উন্নয়ন ( ২য় পৃষ্ঠায় )

## বি এস এফ এবং পুলিশের মদতে চোরাচালান বন্ধ হয়নি, হবেও না

বিশেষ সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ ২ ব্লকের কৃষ্ণশাইল চোরাঘাট এখন সবার শীর্ষে। এক সময় যেমন বাংলাদেশে চোরাচালানে ঐ অঞ্চলে খেজুরতলা ঘাট প্রথম স্থানে ছিল এবং সেখানকার সর্বময় কর্তা ছিলেন কংগ্রেসের আশ্রয়পুষ্ট মহসীন ডাটা। রাজনৈতিক পালা বদলের সঙ্গে ঘাট রাজনীতিও শেষ হয়। সেইভাবে সেখালীপুর অঞ্চলের কংগ্রেস প্রধান দিল মহম্মদের ভাই জুল্লু ও সালাম এখন কৃষ্ণশাইল চোরা ঘাটের সর্বময় কর্তা। কৃষ্ণশাইল ঘাটে প্রায় দিন বি এস এফের গাড়ী দাঁড়িয়ে থাকতে দেখা যায়। ওদের নির্দেশে দু' তিন ঘন্টার 'খাড়া লাইন' প্রথায় নিমেষের মধ্যে মাল ওপারে নবাবগঞ্জ এলাকায় চলে যাচ্ছে। বি এস এফ, রঘুনাথগঞ্জ থানা, সাগরদীঘি থানা, লালগোলা থানার সহযোগিতায় এই ঘাট দিয়ে প্রতিদিন লক্ষ লক্ষ টাকার মাল বাংলাদেশে পাচার হয়। এটা প্রশাসনের মাথাভারী কর্তা থেকে ছা পোষা হোমগার্ড সবাই জানে। সেখালীপুর অঞ্চলের বাড়ীতে বাড়ীতে চিনি, চাল, আলু, পেঁয়াজ এমন কি গরু পর্যন্ত সব সময় মজুত থাকে। সাগরদীঘি পুলিশের মদতে একদিকে যুগোড় মোড় থেকে বালিয়া হয়ে লালগোলা অন্যদিকে কাবিলপুর বিষ্ণুপুর হয়ে রাজারামপুর ঘাট পার হয়ে গরু, চাল ইত্যাদি লালগোলা চলে যাচ্ছে। ওখান থেকে অন্য টিমের মাধ্যমে বাংলাদেশ। আবার বীরভূমের লোহাপুর হাট থেকে ট্রাক ট্রাক গরু মনিগ্রাম বটতলায় নামছে। ওখানে বন বিভাগের জঙ্গল ধ্বংস করে ঐ ফাঁকা জায়গায় পাচারের উদ্দেশ্যে গরু জমায়েত করা হচ্ছে। ( ৭ম পৃষ্ঠায় )

## বন্যায় গৃহহীনদের ক্ষতিপূরণ দেওয়ার কাজ এখনও শেষ হয়নি

নিজস্ব প্রতিবেদক ঃ এ বছরের ভয়াবহ বন্যায় গৃহহীনদের ক্ষতি পূরণের টাকা জেলা সদর দপ্তরে পৌঁছলেও তা মহকুমায় এখনও আসেনি বলে মহকুমা শাসক জানান। সুতী-১ ব্লক বাদে সমস্ত ব্লকের ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরীর কাজ শেষ হয়েছে। তার মধ্যে জেলাতে ৫ শতাংশ স্ক্রীনিং হবে। এ ছাড়া তালিকায় কোন নামের ব্যাপারে আপত্তি বা সন্দেহ থাকলে ( শেষ পৃষ্ঠায় )

## ১ টাকার রেভিনিউ অনেকদিন নাই অন্যান্য টিকিটেরও ব্যাপক আকাল

নিজস্ব সংবাদদাতা ঃ গত বেশ কয়েক মাস থেকে জঙ্গিপুর এলাকার পোষ্ট অফিসগুলোতে এক টাকার রেভিনিউ ষ্ট্যাম্প নাই। ১০ ও ১৫ পয়সা দিয়ে কাজ চালাতে হচ্ছে। এ ব্যাপারে হেড পোষ্ট অফিস সূত্রে জানা যায় জঙ্গিপুর ট্রেজারীতে ১০/১৫ পয়সার প্রচুর পরিমাণে রেভিনিউ ষ্ট্যাম্প জমে থাকায় ( শেষ পৃষ্ঠায় )

## বাস থেকে নামিয়ে হত্যা

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি থানার ফুলশহরী গ্রামের জমসেদ আলি ২ জানুয়ারী সকাল ৮টা নাগাদ বেলেপুকুর বাসষ্ট্যাণ্ডে খুন হন। খবরে প্রকাশ, জমসেদ জোনসি ষ্ট্যাণ্ডে বাসে চাপেন। বেলেপুকুর ষ্ট্যাণ্ডে বাসটি যখন যাত্রী ওঠাতে ব্যস্ত সেই সময় কতিপয় অজ্ঞাত ব্যক্তি তাঁকে বাস থেকে নামিয়ে নৃশংসভাবে হত্যা করে পালিয়ে যায়। জমসেদ ঘটনাস্থলে মারা যান। জানা যায় তিনি বর্তমানে সিপিএম দলের সমর্থক ছিলেন। জমসেদের হত্যার পিছনে কোন্ রাজনীতি জড়িত এই প্রশ্ন এলাকার সাধারণ মানুষকে ভাবিয়ে তুলেছে।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২১শে পৌষ বুধবার, ১৪০৫ সাল।

## ॥ স্বাগত ১৯৯৯ ॥

পুরাতন জীর্ণ-ক্লান্ত ইংরাজী ১৯৯৮ সাল শেষ হইয়াছে; ১৯৯৯ পথ পরিক্রমা শুরু করিয়াছে। নানা বিপর্যয় ও হতাশার মধ্য দিয়া মানুষ নূতন বৎসরকে স্বাগত জানাইতে উৎসুক একটি আশায়—সকলের যেন শুভ হয়—'সর্বেষাং মঙ্গলং ভূয়াৎ'। বিগত বৎসরে যাহা অপ্রাপ্য ছিল, তাহা যেন পাওয়া যায়; ব্যষ্টি বা সমষ্টির ভাগ্যে যে সমস্ত গ্লানি জমা হইয়াছিল, তাহা যেন দূরীভূত হয়। নূতন বৎসর নিষ্প্রভকে উজ্জ্বল করুক, অশান্তিতে শান্তি আনুক—এই আশা সকলের। আশা কুহকিনী; তাই হতাশায় মুহ্যমান অবস্থা কাটাইয়া নূতন আশায় বুক বাঁধা হয়।

গত বৎসর কেন্দ্রে বিজেপি জোট সরকার গঠন করিয়া শাসন-ক্ষমতায় আসে। জন্মলগ্ন হইতেই এই সরকার সুস্থির থাকিতে পারে নাই। সব সময় সমর্থন প্রত্যাহারের আশঙ্কায় দফায় দফায় নানা জনের মনরক্ষার ব্যাপার ঘটিয়াছে। ইহার জন্য দেশের অগ্রগতির পথে বাধার সৃষ্টি হইয়াছে। মে মাসে ভারত রাজস্থানের পোখরানে যে পরমাণু বিস্ফোরণ ঘটায়, তাহাতে পৃথিবীর তাবৎ পরমাণু শক্তিধর দেশসমূহ হতচকিত হইয়া উঠে। ভারত তাহাদের বিরাগভাজন হয়। ভারতকে অর্থনৈতিক অবরোধের শিকার হইতে হয়। ইহার প্রধান ভূমিকায় ছিল আমেরিকা। অসুবিধা হইলেও ভারত আত্মসমর্পণ করে নাই। ঝড়-বন্যায় দেশের নানা অঞ্চলে জনগণের দুর্দশার একশেষ হইয়াছে। ত্রাণ-সামগ্রী বন্টনের অব্যবস্থায় কোনও কোনও ক্ষেত্রে মানুষের অসহায় অবস্থা পরিলক্ষিত হয়। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য গগনচুম্বী হয়; আলু ও পেঁয়াজের দর বল্গাহীন হইয়া উঠায় 'ত্রাহি ত্রাহি' রব উঠে। ভেজাল সরিষার তেল সরকারকে ব্যতিব্যস্ত করিয়া ছাড়ে।

১৯৯৮ কে দেশে রেল-দুর্ঘটনার বৎসর বলিয়া চিহ্নিত করিলে বোধ করি, অত্যুক্তি হয় না। পূর্বেও রেলগাড়ী চলিয়াছে; কিন্তু এত দুর্ঘটনা ও প্রাণহানি হয় নাই। এই রাজ্যে ট্রেনে-বাসে-ব্যাঙ্কে-দোকানে-গৃহস্থবাড়ীতে ডাকাতি এবং লক্ষ লক্ষ টাকা লুটপাটের কামাই ছিল না। ছিল না খুন-জখমের কমতি। রাজনৈতিক হত্যাকে বৈষয়িক শত্রুতার পরিণাম অনেক সময় বলা হইয়াছে। জাল ঔষধের কারখানা আবিষ্কৃত হইয়াছে; অপরাধীদের শাস্তির কথা জানা যায় নাই। বিবিধ ভোগ্যপণ্য নিকটতম রাষ্ট্রে পাচার হইয়াছে এবং হইতেছে। সাধারণ চাল চালের মরসুমেই ১২/১৪ টাকা কেজি হইয়াছে।

গুজরাটে খ্রীষ্টান ও অখ্রীষ্টান সম্প্রদায়ের মধ্যে সংঘর্ষ হইয়াছে। পাকিস্তানের আই এস আই সারা ভারতের বিভিন্ন স্থানে ছড়াইয়া পড়িয়াছে এবং এই জঙ্গীবাহিনী জঙ্গী তৎপরতায় মদত দিয়াছে; অস্ত্রশস্ত্র ও বিস্ফোরক সর্বত্র বিলি করা হইয়াছে, যাহাতে দেশে উগ্রপন্থী ক্রিয়াকলাপ অব্যাহতভাবে চলে, তাহার ব্যবস্থা করা হইয়াছে। আই এস আই-এর কর্মতৎপরতার তুলনায় এই দেশের গোয়েন্দা ও পুলিশ বাহিনীর কার্য-ধারা তেমন ফলপ্রসূ অনেক সময় হয় নাই। বাংলাদেশী অনুপ্রবেশ, জম্মু-কাশ্মীরে ও উত্তর-পূর্ব ভারতে উগ্রপন্থীদের ক্রিয়াকলাপ চলিয়াছে।

কেন্দ্রীয় সরকারের টালমাটাল অবস্থা কংগ্রেস দলকে পুনরায় চাঙ্গা করিয়া তুলিয়াছে। এই দল ক্রমশঃ শক্তি সঞ্চয় করিয়া চলিয়াছে। সোনিয়া গান্ধীর নেতৃত্বে কংগ্রেস তাহার হৃতগৌরব ফিরিয়া পাইতে চেষ্টিত হইয়াছে।

এই প্রকার 'বারমাস্যা'-র মধ্যে বাঙ্গালী অর্থনীতিবিদ্ অমর্ত্য সেনের নোবেল পুরস্কার লাভ এবং ব্যাঙ্কক এশিয়াডে জ্যোতির্ময়ীর স্বর্ণপদকপ্রাপ্তি দেশকে গৌরবান্বিত করিয়াছে।

বর্তমান বৎসর সর্বপ্রকার দুর্ভাবনা ও বিপদ হইতে মুক্ত করিয়া মানুষকে স্বস্তি প্রদান করুক—ইহাই কাম্য।

### দাদাঠাকুরের শহরের লোক

( ১ম পৃষ্ঠার পর )

নিগম প্রথম ধাপে মোট টাকার ১০ শতাংশ চেক দিচ্ছে। তাই বর্তমানে অর্থের সঙ্কটে সরকারকে পড়তে হবে না। সভার শুরুতেই পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য সদম্ভে বলেন, এলাকার মানুষ সেতু নিয়ে আমাদের বহু কটূক্তি করেছেন। তার জবাব আমরা শীঘ্রই দেব। সাংসদ আবুল হাসনাত খান ধানের মরশুমে রঘুনাথগঞ্জ ফুলতলায় যে সারি দিয়ে ট্রাক দাঁড়িয়ে যায় সেতু হলে তার লাঘব হবার আশা রাখেন। তাঁর বিশ্বাস এই গ্যামন ইণ্ডিয়া ফরাক্কা এনটিপিসি-র চিমনীর কাজ ঠিক সময়েই করেছে, তাই সেতুও ঠিক সময়ে হবে। তবে সেতু তৈরীর সময় ফুলতলা থেকে গাড়ীঘাট এবং জঙ্গিপুরের কিছু ব্যবসায়ীকে সরে যেতে হবে। তবে ব্যবসায়ীরা সরে গিয়ে কোথায় বসবে বা সেতু তৈরীর পর তারা যথাস্থানে আসতে পারবে কিনা—সে ব্যাপারে কোন বক্তাই সভায় মুখ খোলেননি। সাংবাদিকরা কলম বাগিয়ে কিছু লিখবেন মনে করলেও স্থানীয় বিধায়ক কংগ্রেসের হবিবুর রহমান গতানুগতিক ঢঙে সেতু নির্মিত হলে আজকের দিনটি স্মরণীয় হয়ে থাকবে বলেই বক্তব্যের ইতি টানেন। মঞ্চে প্রথম সারিতে উপবিষ্ট কংগ্রেসের অপর বিধায়ক মহঃ সোহরাবকে বক্তব্য রাখার কোন সুযোগই দেওয়া হয়নি। সেতু নির্মাণের দায়িত্বপ্রাপ্ত সংস্থা গ্যামন ইণ্ডিয়ার জেনারেল ম্যানেজার শ্রীদাসগুপ্ত বলেন, এখনও এক মাস লাগবে সরকারের সঙ্গে চূড়ান্ত চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্র ঠিক করতে। তবে তিন মাসের মধ্যে কাজ শুরু করতে পারবো। তিনি আরোও বলেন তিন বছরে কাজ শেষ করা যেতে পারে যদি মানুষের পূর্ণ সমর্থন পায়। জেলা বামফ্রন্টের চেয়ারম্যান মধু বাগ অর্থের যোগান হয়ে যাওয়ায় সেতু তৈরীর ব্যাপারে নিশ্চয়তা পান। এ ব্যাপারে তিনি মুখ্যমন্ত্রীকেও বারে বারে অনুরোধ করেছিলেন বলে জানান। মন্ত্রী আনিসুর রহমান শিলান্যাসের দীর্ঘ তিন বছর পর কাজের সূচনা করতে পারার জন্য জঙ্গিপুরবাসীর কাছে ক্ষমা চেয়ে বামপন্থী কায়দায় বর্গা রেকর্ডসহ গ্রামে বামফ্রন্টের কাজের নমুনার কথা তুলে ধরেন। পরিকাঠামো উন্নয়ন নিগমের চেয়ারম্যান অশোক ব্যানার্জী বলেন, জঙ্গিপুরবাসীকে বার্ষিক ১৫ শতাংশ হারে ২৭ কোটি টাকা ঋণ দিচ্ছি, জেলা পরিষদকে নয়। তাই জঙ্গিপুরের মানুষকেই এই টাকা তুলে দেবার ও সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করার দায়িত্ব নিতে হবে। আমিও মাঝে মাঝে এসে কাজের অগ্রগতি দেখে যাবো। তবে দেয় টাকার সুদ কবে থেকে ধরা হবে তা জানা যায়নি। আর সেতু সমাপ্ত হলে শুধু টোল আদায় করে জেলা পরিষদকে ২৭ কোটি টাকার বার্ষিক ১৫ শতাংশ হারে যে চার কোটির বেশী টাকা বছরে সুদ গুণতে হবে, তা কিভাবে উঠবে তার সবিস্তার ব্যাখ্যাও সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারী করেননি। কেবল রাজনীতির ঊর্দ্ধে থেকে তিনি সবাইকে এ কাজে সামিল হবার আহ্বান জানান। সভাস্থলের পাশেই সেতুর যে মডেলটি ছিল তাতে জঙ্গিপুর পারের কলেজ হোষ্টেল থেকে শুরু করে রঘুনাথগঞ্জ হাসপাতাল পর্যন্ত প্রায় দু'কিমি ব্রীজ থেকে দু'পারে ঘাটের কাছাকাছি জায়গায় নামার জন্য কোন সিঁড়ি না থাকায় মানুষ বিস্ময় প্রকাশ করেন। তবে কাজ শেষ হবার সময় যত দীর্ঘ হবে সেতুর নির্মাণ ব্যয়ও তত বাড়বে। ( ৭ম পৃষ্ঠায় )

Govt. of West Bengal

## Irrigation & Waterways Directorate

# Office of the Executive Engineer, Ganga Anti Erosion Divn.

P. O. Raghunathganj, Dist. Murshidabad

**List of works of N. I. T. No. 7 under Ganga Anti Erosion Division, during 1998—99.**

Circulated vide this office memo No. 1335 (23) Dated 18. 12. 98. Last date and time of receipt of application for tender papers : 21. 1. 99 upto 15.00 hours.

Date of Interview and place : 27. 1. 99 & 28. 1. 99 from 11.00 hours at Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad.

Last date & time of issue & delivery of tender papers : 2. 2. 99 upto 15.00 hours. Date & time of receipt of tender papers : 5. 2. 99 upto 14.00 hours.

Date & time of opening of tender papers : 5. 2. 99 after 14.00 hours.

Place from where tender papers are to be obtained : Office of the Executive Engineer, Ganga Anti Erosion Division (I. & W. Dte.) Raghunathganj, Murshidabad.

Place where tender papers are to be obtained & submitted : do do

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 1. | Protn. to the R/B. of river Ganga/Padma from D/S. of F. B. upto Jallangi at Alaipur (Akheriganj) in Mouza-Hasanpur in P. S. Bhagawangola, Block Bhagawangola-II, Dist. Msd. during '98—99 under Ganga Anti Erosion Divn. of C. I. Circle. Reach-XXII : from 1100.00M i. e. end point of existing work '98—99 to 1160.00M i. e. effective working langth=60.00M | Rs. 20,92,636/- | Rs. 20,000/- | WBF. NO. 2911 (ii) | Rs. 5.00 + Rs. 105.00 =Rs. 110.00 | 45 (Forty five) days. | Resourceful & bonafide outside contractor having requisite credential for similar type of work. I. & W. Dte. | S. E-I. Central (I) Circle. |
| 2. | do do Reach-XXIII. From 1160.00M to 1220.00M. i. e. effective working length=60.00M. | Rs. 20,92,636/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 3. | do do Reach-XXIV. From 1220.00M to 1250.00M i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs, 20,000/- | do | do | do | do | do |

(Contd., P. 4)

| Sl. No. 1. | Name of Work 2. | Amount put to tender. 3. | Earnest money. 4. | Tender form No. 5. | Cost of tender papers. 6. | Time allowed for completion of work. 7. | Eligible Agency 8. | Tender accepting authority. 9. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 4. | do do Reach-XXV. From 1250.00M to 1280.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 5. | do do Reach-XXVI. From 1280.00M to 1310.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 6. | do do Reach-XXVII. From 1310.00M to 1340.00M i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 7. | do do Reach-XXVIII. From 1340.00M to 1370.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 8. | do do Reach-XXIX. From 1370.00M to 1400.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10, 46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 9. | do do Reach-XXX. From 1400.00M to 1430.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 10. | do do Reach-XXXI. From 1430.00M to 1460.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |

(Contd. P, 5)

| Sl. No. 1. | Name of Work 2. | Amount put to tender. 3. | Earnest money. 4. | Tender form No. 5. | Cost of tender papers. 6. | Time allowed for completion of work. 7. | Eligible Agency 8. | Tender accepting authority. 9. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 11. | do do | | | | | | | |
| | Reach-XXXII. From 1460.00M to 1490.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 12. | do do | | | | | | | |
| | Reach-XXXIII. From 1490.00M to 1520.00M. i. e. effective working length=30.00M. | Rs. 10,46,317/- | Rs. 20,000/- | do | do | do | do | do |
| 13. | do do | | | | | | | |
| | Reach-XXXIV. From 1520.00M to 1530M i. e. effective working length=10.00M. | Rs. 3,45,738/- | Rs. 6915/- | do | do | do | do | do |
| 14. | do do | | | | | | | |
| | Reach-XXXV. From 1530.00M to 1540.00M. i. e. effective working length=10.00M. | Rs. 3,45,738/- | Rs. 6915/- | do | do | do | do | do |
| 15. | do do | | | | | | | |
| | Reach-XXXVI. From 1540.00M to 1550.00M i. e. effective working length=10.00M. | Rs. 3, 53,074/- | Rs. 7062/- | do | do | do | do | do |
| 16. | do do | | | | | | | |
| | Reach-XXXVII. From 1550.00M to 1560.00M. i. e. effective working length=10.00M. | Rs. 3,45,738/- | Rs. 6915/- | do | do | do | do | do |
| 17. | do do | | | | | | | |
| | Reach-XXXVIII. From 1560.00M to 1570.00M. i. e. effective working length=10.00M. | Rs. 3,45,738/- | Rs. 6915/- | do | do | do | do | do |

(Contd. P. 6)

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 18. | do do Reach-XXXIX. From 1570.00M to 1580.00M i. e. effective working length=10.00M. | Rs. 3,53,074/- | Rs. 7062/- | do | do | do | do | do |
| 19. | Protn. to the R/B. of river Ganga/Padma D/S. of F. B. upto Jallangi at Alaipur (Akheriganj) in Mouza-Hasanpur in P. S. Bhagawangola, Block Bhagawangola, Dist. Msd. during '98—99 under Ganga Anti Erosion Divn. of C. I. C. Reach-XXXX. From 1580.00M to 1600.00M. i. e. effective working length=20.00M. | Rs. 6,96,396/- | Rs. Exem. | do | Rs. 5.00+ Rs. 80.00 Rs. 85.00 | 30 (Thirty) days | Reserved for Engrs. Co. Opt. society. | S. E-I. Central (I) Circle. |
| 20. | do do Reach-XXXXI. From 1600.00M to 1620.00M. i. e. effective working length=20.00M. | Rs. 6,96,396/- | do | do | do | do | do | do |
| 21. | do do Reach-XXXXII. From 1620.00M to 1640.00M. i. e. effective working length=20.00M. | Rs. 6,96,396/- | do | do | do | do | do | do |
| 22. | do do Reach-XXXXIII. From 1640.00M to 1660.00M. i. e. effective working length=20.00M. | Rs. 6,96,396/- | do | do | do | do | do | do |
| 23. | do do Reach-XXXXIV. From 1660.00M to 1680.00M. i. e. effective working length=20.00M. | Rs. 6,96,396/- | do | do | do | do | do | do |

(Contd. P. 7)

| Sl. No. | Name of Work | Amount put to tender. | Earnest money. | Tender form No. | Cost of tender papers. | Time allowed for completion of work. | Eligible Agency | Tender accepting authority. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| 24. | do do Reach-XXXXV. From 1680.00M to 1700.00M. i. e. effective working length = 20.00M. | Rs. 6,96,395/- | do | do | do | do | do | do |

**The following points are binding in case of issue of tender papers :**

1. Applications of any Agency by name or his Firm/Firms whose sole proprietor being the same Agency will be treated as single application.
2. Applications of different Firms having the same owners/partner will also be treated as single application.
3. Mention the names of firm to which the applicant is a partner/owner.
4. Tender will be informal if N. S. C. s/K. V. Ps. Deposited as Earnest money are not pledged properly in favour of the Executive Engineer, G. A. E. Division, Rng., Msd.
5. In case of Engineers Co. Opt. Societies certified copy of Audit Report for the year 1997-98 or no objection certificate from the A. R. C. S. Msd. is to be attached with the application duly attested.

Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Dt. Murshidabad.

## ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপন

নবারুণ : গত ২৯ ডিসেম্বর বিশেষ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে জাতীয় তাপবিদ্যুৎ করপোরেশনের ফরাক্কা বৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রের কর্মীবৃন্দ তাঁদের পরিবারবর্গকে নিয়ে উদ্‌যাপন করেন বিদ্যুৎকেন্দ্রের অষ্টাদশ প্রতিষ্ঠা দিবস। ১৯৮১ সালে তদানীন্তন প্রধানমন্ত্রী প্রয়াতা শ্রীমতী ইন্দিরা গান্ধী এই বৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস করেছিলেন এই দিনে। ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রের জেনারেল ম্যানেজার বাল্মীকি প্রসাদ টাউনশিপে স্থাপিত নেতাজী সুভাষচন্দ্র, রবীন্দ্রনাথ ঠাকুর, স্বামী বিবেকানন্দ, ভগিনী নিবেদিতা এবং কাজি নজরুল ইসলামের প্রতিমূর্তিতে এবং প্রশাসনিক বিল্ডিং-এ স্থাপিত শ্রীমতী ইন্দিরা গান্ধীর প্রতিমূর্তিতে মাল্যদান করে উৎসবের সূচনা করেন। বিদ্যুৎ কেন্দ্র থেকে পুবারুণে নেতাজী আউটডোর ষ্টেডিয়াম পর্যন্ত 'শান্তির জন্য দৌড়' প্রতিযোগিতায় অংশ নেন সি আই এস এফের কর্মীবৃন্দ এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। দশ কিলোমিটার রাস্তার দু'পাশে অসংখ্য মানুষ তাঁদের অভ্যর্থনা জানান। ষ্টেডিয়ামে পতাকা উত্তোলন করেন শ্রীপ্রসাদ। উৎসবের অনুষঙ্গ হিসাবে ছিল বিদ্যালয় ছাত্রীদের পরিবেশিত নৃত্য গীত, এনটিপিসি টাউনশীপ বিদ্যালয়ের ছাত্রদের ফুটবল ম্যাচ ও সন্ধ্যায় কর্মী উন্নয়ন সংস্থার উদ্যোগে বিদ্যালয় ছাত্রদের বসে আঁকো প্রতিযোগিতা।

## বন্যায় ছিনতাই হওয়া মোটর সাইকেল উদ্ধার

ধুলিয়ান : সামসেরগঞ্জ থানার ওসি মইনুল হকের তৎপরতায় সম্প্রতি মালদার কালিয়াচক থানার সুলতানগঞ্জ থেকে একটি ছিনতাই যাওয়া ইয়ামা মোটর সাইকেল উদ্ধার হয়। ছিনতাইকারী ইস্তেখাব আলম ওরফে রকি ও তার এক সাকরেদ পুলিশের হাতে ধরা পড়ে। জানা যায় বন্যার সময় গত ২৭ আগষ্ট জঙ্গিপুর বরজের রাইহানুল ইসলাম বন্ধু মাসুক আলমকে নিয়ে মোটর সাইকেলে দিদি জামাইবাবুর খোঁজ খবর নিতে ধুলিয়ানে ফারুক হোসেনের বাড়ী আসেন। ফেরার পথে জয়কৃষ্ণপুরে তাঁর মোটর সাইকেলটি ছিনতাই হয়। কোর্টের আদেশে উদ্ধার হওয়া মোটর সাইকেলটি গাড়ীর মালিক ফেরৎ পেয়েছেন বলে জানা যায়।

## বসত বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ সুকান্তপল্লীতে দুই দিকে পুরসভার রাস্তার উপর ৪$\frac{1}{2}$ শতক জমিসহ একতলা বাড়ী (তিনতলা ভিত) ৪টি বেডরুম, কিচেন, টয়লেট, তিনদিকে গ্রীল বারান্দা। অতি সত্বর বিক্রয় হইবে। (দালাল নিষ্প্রয়োজন) প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।

শ্রীপরেশচন্দ্র সরকার, সুকান্তপল্লী
রঘুনাথগঞ্জ অরবিন্দ ভবনের পিছনে

### বি এস এফ এবং পুলিশের মদতে ( ১ম পৃষ্ঠার পর )

মনিগ্রাম সেখপাড়ার বেশ কিছু লোক এই পাচার কাজের সঙ্গে যুক্ত। আবার বেশ কয়েক ট্রাক গরু গত জ্যৈষ্ঠ মাস থেকে নিয়মিত সেখদীঘি নাচনা এলাকায় নামানো হচ্ছে। ওখান থেকে হাঁটা পথে অনুপপুর মির্জাপুর হয়ে দফরপুর ঘাটে পার হয়ে সাবলীলগতিতে বাংলাদেশে পাচার হচ্ছে। দুটো গরু ঘাটে পৌঁছে দিতে পারলেই ৭০ টাকা পারিশ্রমিক পেয়ে গ্রামের সাধারণ মানুষ জোর কদমে এই কাজে নেমে পড়েছে বলে জানা যায়। বর্তমানে নিয়মিত রতনপুর ও সাগরদীঘি বাজার থেকে যুগোর হয়ে লালগোলা এবং মিঞাপুর বাজার থেকে হিলি বর্ডার দিয়ে ট্রাক ট্রাক চাল বাংলাদেশে চলে যাচ্ছে। মিঞাপুরের এক শ্রেণীর ব্যবসায়ী পারমিটে কারসাজি করে এই ধরনের পাচারে নেমেছে বলে খবর। যার ফলে ধান ওঠার মুখে এখনই ধানের দর ২৪০ টাকা মণ। যেখানে গত বছর পৌষ মাসে ছিল ১৫০ টাকা। চাল ছিল ৭০০ টাকা কুইন্টাল। এই ভাবে চাল পাচার চলতে থাকলে চালের দর কোথায় গিয়ে দাঁড়াবে এই আশংকা সাধারণ মানুষের। অথচ প্রশাসন নির্বিকার। পুলিশ নীরব দর্শক।

### দাদাঠাকুরের শহরের লোক ( ২য় পৃষ্ঠার পর )

সেই হিসাবে সেতু নির্মাণের পর যদি জেলা পরিষদকে সাড়ে চার কোটি টাকা বছরে টোল বাবদ সেতু থেকে তুলতে হয় তবে বাস্তব পরিস্থিতি কি দাঁড়াবে, সে চিন্তা এখনই জঙ্গীপুরবাসীর মাথায় ঢোকাতে চাননি সভাধিপতি শ্রীকাণ্ডারী।

## যুদ্ধ বিরোধী পথসভা

গত ২১ ডিসেম্বর ও ২২ ডিসেম্বর ডি, ওয়াই এফ আই এবং ভারতীয় গণনাট্য সংঘের উদ্যোগে ফুলতলা ও সদরঘাটে যুদ্ধ বিরোধী পথসভা করা হয়। পথসভায় মার্কিন সাম্রাজ্যবাদী জোটের বিভিন্ন দেশের উপর যুদ্ধ চাপিয়ে দেওয়ার বিরুদ্ধে বিভিন্ন বক্তা বক্তব্য পেশ করেন। ফুলতলার পথসভায় সভাপতিত্ব করেন সুবীর রায় ও সদরঘাটের পথসভায় সভাপতিত্ব করেন হরিলাল দাস। পথসভা দুটিতে মূল বক্তা শত্রুঘ্ন সরকার ইরাকের উপর হামলার পরিপ্রেক্ষিতে বিস্তারিত ব্যাখ্যা করেন। পাশাপাশি মার্কিন সাম্রাজ্যবাদের বিশ্বব্যাপী খবরদারির সঙ্গে সঙ্গে ভারতবর্ষের উপর বিভিন্ন বাধা নিষেধ আরোপ করে আগ্রাসী মনোভাবের ব্যাপারে জনসাধারণকে সতর্ক ও গণপ্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

**কাজ এখনও শেষ হয়নি** ( ১ম পৃষ্ঠার পর )

তারও তদন্ত হবে। জেলাতে বাছাই পর্ব গত ১৫ ডিসেম্বর থেকেই শুরু হয়ে গিয়েছে। তাই মহকুমায় টাকা এলেও সেটা প্রকৃত গৃহহীনদের মধ্যে বিলি হতে এখনও কিছু দেরী আছে বলে সরকারী সূত্রে খবর। শেষ খবরে জানা যায়, ১০ জানুয়ারীর মধ্যে ক্ষতি পূরণের ২০ শতাংশ টাকা মহকুমায় পাঠান হচ্ছে বলে জেলা শাসক দপ্তর থেকে জানান হয়। এভাবে ধাপে ধাপে সমস্ত টাকা আসবে।

CENTURY'S VISHWAKARMA
আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....
Century Cement
THE COMPLETE CEMENT
সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট
Lookad



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
মির্জাপুর ॥ গনকর
ফোন নং : গনকর ৬২০২৯

## টিকিটের ব্যাপক আকাল ( ১ম পৃষ্ঠার পর )

এই ব্যবস্থা নেওয়া হয়েছে। এগুলো শেষ হলে পরবর্তীতে ট্রেজারীতে মজুত থাকা প্রায় দু' লক্ষ টাকার ২০ পয়সার রেভিনিউ ষ্টাম্প এখানে চালু করা হবে। অন্য দিকে প্রায় টিকিটের অভাবের ব্যাপারে হেড পোষ্টমাষ্টারকে প্রশ্ন করলে তিনি জানান—গত নভেম্বরের পর এখানে কোন টিকিট আসেনি। কলকাতা ক্যাশ ষ্টোরে প্রত্যেক মাসে ইনডেন্ট পাঠিয়েও কোন মাল পাচ্ছি না। না আসার কারণও কিছু জানায় না। বর্ত্তমানে হেড পোষ্ট অফিসে ৫ ও ১০ টাকা ছাড়া কোন ডাক টিকিট নেই বলেও তিনি জানান।

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত
✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚
রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ
( সবজী বাজারের বিপরীত দিকে )
প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা
ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )
এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।
হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।
বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।

সকলকে অভিনন্দন জানাই—
রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ
( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )
রেজিঃ নং—২০ ★ তারিখ—২১-২-৮০
গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ
ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।
বিশেষ সরকারী ছাড় ১০%
✪ সততাই আমাদের মূলধন ✪
জয়ন্ত বাঘিড়া — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
অচিন্ত্য মনিয়া — সম্পাদক

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।